

বাফুফে প্রেসিডেন্টের বিবৃতি- অগাস্ট ২০১৭

বিসিএল ২০১৭-এর টাইটেল স্পন্সর মার্সেল

২০১৭ মৌসুমের বাংলাদেশ চ্যাম্পিয়নস লিগের টাইটেল স্পন্সর নির্বাচিত হয়েছে মার্সেল। এই লক্ষ্যে বাফুফে এবং মার্সেলের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরের পাশাপাশি প্রতিযোগিতার লোগো উন্মোচন করা হয়।

অগাস্ট মাসে শুরু হওয়া এই প্রতিযোগিতায় মোট ১০টি দল অংশগ্রহণ করছে।

রেফারিদের ফিটনেস টেস্ট

বাফুফের রেফারি কমিটির তত্ত্বাবধানে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে গত ৭ এপ্রিল রেফারি ফিটনেস টেস্টের প্রথম পর্যায়ে আয়োজন করা হয়। ১১০ জন অংশগ্রহণে এই টেস্টে মূলত রেফারিদের ফিটনেস লেভেল যাচাইয়ের উপর জোর দেয়া হয়েছে।

২৪ জন রেফারির পদোন্নতি

অগাস্ট ১২ এবং ১৩ তারিখে রেফারি প্রমোশান টেস্ট আয়োজন করে বাফুফে। ৭৫ জন রেফারির অংশগ্রহণে আয়োজিত এই টেস্টে ২৪ জন রেফারিকে ফার্স্ট ক্লাস পদমর্যাদা প্রদান করা হয়।

এএফসি 'সি' সার্টিফিকেট কোচিং কোর্স

২৪জন শিক্ষার্থীর অংশগ্রহণে তৃতীয় এএফসি 'সি' সার্টিফিকেট কোচিং কোর্স সফলভাবে শেষ করেছে বাফুফে। ১৩ দিন ধরে চলা এই কার্যক্রম গত ২৬ জুলাই বাফুফের টেকনিক্যাল এবং স্ট্র্যাটেজিক ডিরেক্টর পল স্মিলির তত্ত্বাবধানে শুরু হয়।

অদূর ভবিষ্যতে স্থানীয় কোচদের দক্ষতা বাড়ানোর লক্ষ্যে এএফসি 'বি' সার্টিফিকেট কোচিং কোর্স চালু করবে বাফুফে।

অ-১৮ ছেলেদের ক্যাম্প

অগাস্টের মাঝামাঝি সময়ে কমলাপুরে বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহি মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে সপ্তাহব্যাপী অনাবাসিক ক্যাম্প অংশ নিয়েছে অ-১৮ ছেলেরা। এদের মধ্য থেকে নির্বাচিতরা 'সাফ অ-১৮ চ্যাম্পিয়নশীপ ২০১৭' এবং 'এএফসি অ-১৯ কোয়ালিফায়ারস'-এ অংশ নেবে।

উল্লেখ্য, সাফ চ্যাম্পিয়নশীপ আগামী ১৮ থেকে ২৭ সেপ্টেম্বর ভূটানে এবং অ-১৯ কোয়ালিফায়ারস অক্টোবর ২৯ থেকে নভেম্বর ৯ পর্যন্ত তাজিকিস্তানে অনুষ্ঠিত হবে,

মূলত এই দুটি প্রতিযোগিতাকে সামনে রেখেই এই ক্যাম্পের আয়োজন করা হয়েছিল। পরবর্তীতে ২৩ অগাস্ট এক দিনের ক্যাম্প অংশ নেয় অ-১৮ ছেলেরা।

জেএফ এ অ-১৪ উইম্যান্স ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ

লক্ষিপুর, গাইবান্ধা, রাজবাড়ি, যশোর, রাজশাহী এবং শেরপুর- এই ছয়টি ভেন্যুতে সফলভাবে জেএফ এ অ-১৪ উইম্যান্স ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ আয়োজন করেছে বাফুফে।

সাফের সেমিফাইনালে অ-১৫ দল

শ্রীলংকা এবং ভূটানকে হারিয়ে গ্রুপ চ্যাম্পিয়ন হিসেবে 'সাফ অ-১৫ চ্যাম্পিয়নশীপ'-এর সেমিফাইনালে উঠেছে বাংলাদেশ অ-১৫ জাতীয় দল। প্রতিযোগিতায় ভাল ফুটবল খেলে তৃতীয় স্থান লাভ করেছে দলটি।

সাফ ২০১৮ ঢাকায়

সাফ ফুটবলের ২০১৮-এর আসর ঢাকায় অনুষ্ঠিত হবে। ২০১৮-এর সেপ্টেম্বর ৪ থেকে ১৫ তারিখ পর্যন্ত চলবে এই প্রতিযোগিতা। এই লক্ষ্যে ২০১৮ সাফ চ্যাম্পিয়নশীপের ড্র আগামী ৩ মার্চ অনুষ্ঠিত হবে।

এছাড়া বাফুফে সভাপতি কাজী সালাহউদ্দিনের অংশগ্রহণে সম্প্রতি কাঠমুন্ডুতে সাফ নির্বাহী কমিটির সভা হয়েছে। সভায় নতুন নির্বাহী কমিটি প্রস্তুতের লক্ষ্যে আগামী ৪ মার্চ ঢাকায় নির্বাচন আয়োজনের ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হয়।

